দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 05 JAN 2016 ...
পৃষ্ঠা ... [illegible] ... কলাম ... [illegible] ...

# উচ্চশিক্ষার জন্য এক্রিডিটেশন কাউন্সিল শীর্ষক কর্মশালা

বর্তমান বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলতে বিশ্বমানের শিক্ষা প্রদান এবং বিশ্বমানের গ্রাজুয়েট তৈরি অতীব জরুরী। বিশ্ববিদ্যালয়সমূহের উদ্দেশ্য হচ্ছে গুণগত, মানসম্পন্ন শিক্ষা এবং গ্রাজুয়েট তৈরি করা। এ কারণে 'উচ্চশিক্ষার জন্য এক্রিডিটেশন কাউন্সিল গঠন আজ সময়ের দাবি। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি রবিবার ঢাকাস্থ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট অডিটরিয়ামে অনুষ্ঠিত বাংলাদেশে উচ্চশিক্ষার জন্য এক্রিডিটেশন কাউন্সিলের খসড়া আইনের ওপর এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে এ অভিমত ব্যক্ত করেন। শিক্ষা সচিব সোহরাব হোসেন বিশেষ অতিথি ছিলেন। ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান সভাপতিত্ব করেন। কোয়ালিটি এসিউরেন্স ইউনিটের প্রধান প্রফেসর ড. মেসবাহউদ্দিন আহমেদ বাংলাদেশে উচ্চশিক্ষার জন্য এক্রিডিটেশন কাউন্সিলের খসড়া আইন উপস্থাপন করেন। -বিজ্ঞপ্তি